# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন। |
| তারিখ | ঃ ১৭/০১/২০১৯ খ্রিঃ। |
| রোজ | ঃ বৃহস্পতিবার। |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**
**আলোচনা ঃ-** গত ১০/১২/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ-** গত ১০/১২/২০১৮ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**আলোচ্য সূচী-৩। অনুমোদিত ০৭ (সাত) টি বস্তির নামে অগ্রণী ব্যাংক জয়পুরহাট শাখায় চলতি হিসাব খোলা প্রসঙ্গে ।**

আলোচনাঃ সভাপতি মহোদয় আলোচ্য বিষয়ে বলেন, UGIIP-III প্রকল্পের আওতায় জয়পুরহাট পৌরসভাধীন অনুমোদিত ০৭(সাত) টি বস্তিতে প্রকল্পের অর্থায়নে ভৌত কাজ শুরুর অংশ হিসেবে স্ব স্ব বস্তি উন্নয়ন কমিটির নামে প্রকল্পের নির্দেশনা মোতাবেক অগ্রণী ব্যাংক, জয়পুরহাট শাখায় চলতি হিসাব খুলতে হবে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে নিম্নোক্ত ভাবে বিস্তারিত আলোচনা হয়।

সভাপতির আলোচনার প্রেক্ষিতে এ কমিটির সাচিবিক দায়িত্ব প্রাপ্ত মোঃ হাসানুজ্জমান বলেন, বস্তি উন্নয়ন কমিটির নামে যে ব্যাংক হিসাব গুলো খুলতে হবে তা স্ব স্ব বস্তি উন্নয়ন কমিটির সভাপতি ও সদস্য সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

জনাবা মিসেস রোজী বেগম, কাউন্সিলর, সংরক্ষিত-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি সভায় বলেন, আমার জানা মতে ইতিপূর্বে ইউজিপ-৩ প্রকল্পের অর্থায়নে বস্তিতে ভৌত কাজ করার লক্ষ্যে অনুমোদিত ০৭ (সাত) টি বস্তির নামে UCB ব্যাংক, জয়পুরহাট শাখায় হিসাব খোলা হয়েছিল। সে হিসাব গুলোর কি অবস্থা এবং কেন অগ্রণী ব্যাংক,জয়পুরহাট শাখায় আবারও একই কারণে হিসাব খুলতে হবে, সে ব্যাপারে জানতে চান।

জনাবা মিসেস রোজী বেগমের প্রশ্নের আলোকে সভাপতির অনুরোধক্রমে এ কমিটির সাচিবিক দায়িত্বপ্রাপ্ত মোঃ হাসানুজ্জামান বলেন, ইতিপূর্বে ০৭ (সাত) টি বস্তি উন্নয়ন কমিটির নামে প্রকল্প অফিসের নির্দেশ ক্রমে এবং মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে UCB ব্যাংক, জয়পুরহাট শাখায় হিসাব খোলা হয়েছিল। কিন্তু পরবর্তীতে স্মারক নং- এলজিইডি/পিডি/ UGIIP-III/S-৩২/২০১৬/৩০১৫(১) তারিখঃ ১৯/১১/২০১৮ মূলে প্রাপ্ত পত্রের আলোকে অগ্রহী ব্যাংক, জয়পুরহাট শাখায় হিসাব খোলার জন্য নির্দেশনা প্রদান করেছেন। UCB ব্যাংক, জয়পুরহাট শাখায় বস্তি উন্নয়ন কাজের জন্য কোন টাকা স্থানান্তর করা হয় নি।

জনাবা মোছাঃ মর্জিনা বেগম, প্রতিনিধি (দরিদ্র শ্রেণী) বলেন, বস্তি উন্নয়ন কাজের জন্য যদি প্রকল্পের নির্দেশনা থাকে বস্তি উন্নয়ন কমিটির নামে অগ্রণী ব্যাংক, জয়পুরহাট শাখায় হিসাব খোলার। তাহলে দ্রুততার সাথে অগ্রণী ব্যাংক, জয়পুরহাট শাখায় হিসাব খুলে টাকা স্থানান্তর করণের মাধ্যমে বস্তির কাজ শুরু করার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত ঃ-** UGIIP-III প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৭ (সাত) টি বস্তির, বস্তি উন্নয়ন কমিটির নামে অগ্রণী ব্যাংক, জয়পুরহাট শাখায় চলতি হিসাব খোলার জন্য একমত পোষন এবং বস্তি উন্নয়ন কমিটির নামে UCB ব্যাংক, জয়পুরহাট শাখায় খোলা হিসাব টি বন্ধ করার সিদ্ধান্ত গ্রহন করা হলো।

**আলোচ্য সূচী-৩। দরিদ্র ও অসহায় দুস্থ নারীদের মাঝে শীতবস্ত্র বিতরণ প্রসঙ্গে আলোচনা।**

আলোচনাঃ সভাপতি মহোদয় উক্ত বিষয়ে আলোচনাকালে বলেন, বিগত কমিটি সভায় শীতবস্ত্র বিতরনের সিদ্ধান্তের আলোকে মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে ১৫০ জন দরিদ্র ও অসহায় দুস্থ পুরুষের মাঝে শীতবস্ত্র বিতনেরর সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। আলোচ্য সূচীতে উপস্থিত সদস্যগণ নিম্নোক্তভাবে তাদের মতামত তুলে ধরেন।

জনাবা মিসেস রোজী বেগম, কাউন্সিলর, সংরক্ষিত-০১, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি সভায় বলেন, যে ১৫০ জন পুরুষকে শীতবস্ত্র বিতরণ করা হবে, তার তালিকা এ কমিটির হতে অনুমোদন হওয়া প্রয়োজন।

জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি বলেন, শীতবস্ত্র বিতরণ করার লক্ষ্যে শীতবস্ত্র ক্রয় করার জন্য পৌরসভার ক্রয় কমিটিকে সম্পৃক্ত করে স্টোর কিপারের মাধ্যমে কোটেশনের মাধ্যমে ক্রয় অন্তে স্টক এবং বিতরণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ-** পৌরসভার ক্রয় কমিটিকে সম্পৃক্ত করে শীতবস্ত্র ক্রয় অন্তে পৌরসভার স্টোর এ স্টক করে এ কমিটির সদস্যদের মাধ্যমে বিতরনের সিদ্ধান্ত গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৮-১৯/৫৭৫ (১০)　　　　তারিখ- ১৭/১/১৯ ইং

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা .......................................................... সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

D:\Bosty\Regu/Ragulation-Bosti

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌর মিলনায়তন। |
| তারিখ | ঃ ১৭/০১/২০১৯ ইং |
| রোজ | ঃ বৃহস্পতিবার। |
| সময় | ঃ ১১.০০ ঘটিকা। |

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | সহকারী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | |